

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০১

২৩ জানুয়ারি, ২০২০  
তারিখ :-----  
০৯ মাঘ, ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

বিভিন্ন প্রকার আমানতের (deposit)/সঞ্চয় স্কীমের সুদের উপর  
উৎসে আয়কর কর্তন ও জমাদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে অতিরিক্ত কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-১, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর ০৮ জানুয়ারি ২০২০ তারিখের নথি নং রে-২(অংশ-২)/কঅ-১/৫৩-এফ/১৭এইচ/২০১৯-২০২০/২৫২ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত পত্রে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রেজাউল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২

(অতি জরুরী)

বিশেষ বার্তাবাহকের মাধ্যমে

১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত কর কমিশনারের কার্যালয়  
পরিদর্শী রেঞ্জ-২, কর অঞ্চল-১, ঢাকা  
২য় ১২ তলা সরকারী অফিস ভবন (৩য় তলা), শেগুনবাগিচা, ঢাকা

নথি নং : রে-২(অংশ-২)/কঅ-১/৫৩-এফ/১৭এইচ/২০১৯-২০২০/২৫২ ০৮ জানুয়ারি, ২০২০ খ্রি:

ব্যবস্থাপনা পরিচালক/সিইও/কান্ট্রি হেড  
সকল আর্থিক প্রতিষ্ঠান

বিষয় : বিভিন্ন প্রকার আমানতের (deposit)/সঞ্চয়ক্ষীমের সুদের উপর উৎসে আয়কর কর্তন ও জমাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার স্বনির্বন্ধ দৃষ্টি আকর্ষণ করছি।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩এফ ধারা অনুযায়ী আপনার ব্যাংকের সকল শাখায় সকল ধরনের আমানতের এবং ক্ষীমের/সঞ্চয় প্রকল্পের সুদের উপর নিম্নোক্ত হারে কর কর্তন প্রযোজ্য :

ক) আমানতকারী ১২ ডিজিটের টিআইএনধারী হলে ১০% অন্যথায় ১৫% হারে কর কর্তন প্রযোজ্য।

খ) সকল প্রকার কর অব্যাহতিপ্রাপ্ত ফান্ড যেমন পেনশন ফান্ড, গ্র্যাচুইটি ফান্ড, প্রভিডেন্ট ফান্ড ইত্যাদি ফান্ডের আমানতের সুদের উপর ৫% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য।

গ) Call Money আমানত এর ক্ষেত্রে পরিশোধিত সুদের উপর ১০% হারে কর কর্তন প্রযোজ্য।

ঘ) বৈদেশিক উৎস হতে গৃহীত/বৈদেশিক মুদ্রায় গৃহীত আমানতের উপর একই ভাবে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

ঙ) আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫৩এফ অনুযায়ী আমানতের সুদ প্রদান অথবা হিসাবে ক্রেডিট করার সময় উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। এক্ষেত্রে শুধুমাত্র চূড়ান্ত প্রদানের সময় (On maturity) কর কর্তন না করে প্রতিবার সুদ ক্রেডিট প্রদানকালে উৎসে কর কর্তন ও জমাদানের বাধ্যবাধকতা রয়েছে।

এমতবস্থায় সকল প্রকার আমানতের সুদের উপর উপর্যুক্ত হারে কর কর্তন পূর্বক নিম্নোক্ত হিসাব কোড অনুযায়ী সরকারী কোষাগারে জমাদান নিশ্চিত করতে সকল শাখা প্রধানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

জাতীয় রাজস্বের স্বার্থে আপনার সর্বোত্তম সহযোগিতা প্রত্যাশ করছি। এতদসম্পর্কিত যে কোন স্পষ্টীকরণের জন্য নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আয়কর জমার কোড :

১-১১৪১-০০০১-০১০১ (কোম্পানী করদাতার জন্য)

১-১১৪১-০০০১-০১১১ (কোম্পানী ব্যতীত করদাতার জন্য)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

জি.এম/মহাপরিচালক  
ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

২২.২.৭  
২৬/০২/২০২০

আন্তরিকভাবে আপনার

(এস এম আবুল কালাম আজাদ)

অতিরিক্ত কর কমিশনার

ও

সমন্বয়কারী

উৎসে কর কর্তন যাচাই সংক্রান্ত কমিটি

কর অঞ্চল-১, ঢাকা

ফোন : ৯৩৩৬১৪৮

ইমেইল : taxzone1dhk@yahoo.com